

# ১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/

তারিখঃ ২২/০৬/২০২৩

## ১ নং কামারখালী ইউনিয়ন পরিষদের ইউনিয়ন আইন-শৃংখলা কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর।

সভার স্থানঃ কামারখালী ইউনিয়ন পরিষদ হল রুম।

সভার তারিখঃ ২২/০৬/২০২৩ ইং রোজ বৃহস্পতিবার।

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব মোছাঃ মমতাজ বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব মোছাঃ জোহরা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য- ৪,৫,৬	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব মোছাঃ আছমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব মোঃ জসীম শেখ	ইউপি সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোঃ আলমগীর হোসেন	ইউপি সদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব মোঃ ছরোয়ার ফকির	ইউপি সদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী	ইউপি সদস্য-৪	সদস্য	স্বাক্ষরিত	
০৯	জনাব মোঃ মতিয়ার রহমান	ইউপি সদস্য-৫	সদস্য	স্বাক্ষরিত	
১০	জনাব মোঃ আশরাফ মোল্যা	ইউপি সদস্য-৬	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব মোঃ আবুল কালাম আজাদ	ইউপি সদস্য-৭	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু	ইউপি সদস্য-৮	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক	ইউপি সদস্য-৯	সদস্য	স্বাক্ষরিত	
১৪	জনাব নব কুমার দত্ত	সরকারি প্রাঃবিঃ শিক্ষক	সদস্য	স্বাক্ষরিত	
১৫	জনাব রনজিতা মিত্র	পরিবার কল্যান সহকারী	সদস্য	স্বাক্ষরিত	
১৬	জনাব মোঃ আমিরুল ইসলাম	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত	
১৭	জনাব রাকেশ মল্লিক	ইউনিয়ন স্বাস্থ্য পরিদর্শক	সদস্য	স্বাক্ষরিত	
১৮	জনাব গৌরী রানী চক্রবর্তী	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
১৯	জনাব মন্দিরা বোস	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২০	জনাব আফিয়া আক্তার	ইউপি সচিব	সদস্য	স্বাক্ষরিত	

অধ্যকার সভায় ইউ.পি চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি অধ্যকার উপস্থিত সমাজের বিভিন্ন শ্রেণী ও পেশার দায়িত্বশীল প্রতিনিধিগণ কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর

ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সদস্যগণের পরিচিতি ও আলোচ্য সূচি মোতাবেক আলোচনা হয়।

সভায় সভাপতি সাহেব জুন/২৩ মাসের ইউনিয়ন আইন-শৃঙ্খলা সম্পর্কে আলোকপাত করেন। সভায় সভাপতি সাহেব সভাকে জানান যে, ঢাকা, খুলনা মহাসড়ক এর কামারখালী বাসস্ট্যান্ডের পূর্ব ও পশ্চিম পাশে স্পিড ব্রেকার দেওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথকে অনুরোধ করা হয়। সভায় সভাপতি সাহেব ইউনিয়ন গ্রাম পুলিশদের ইউনিয়ন আইন-শৃঙ্খলার পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। এবং তিনি ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতির যেন কোন অবনতি না ঘটে সেদিকে সকল গ্রাম পুলিশদের সতর্ক থাকতে বলেন। তাছাড়া ইউনিয়নের আইন শৃঙ্খলায় কোন ব্যাঘাত ঘটলে তাঁরা যেন এ বিষয়ে সকলকে সহযোগিতা করেন সে বিষয়েও তিনি নিশ্চিত করেন। গ্রাম পুলিশরা যেন রাত ৮/৯ টার পর থেকে তাঁরা গ্রামে তাঁদের দায়িত্ব সঠিকভাবে পালন করেন সেদিকেও তিনি জোরদার দেন। এছাড়া তারা বাড়িতে যাওয়ার পূর্বে চেয়ারম্যান মহোদয়কে যেন বিষয়টি অবহিত করেন সেকথাও তিনি গ্রাম পুলিশদের জানান। সভায় সভাপতি সাহেব আরও বলেন যে, কামারখালী ইউনিয়নে আইন-শৃঙ্খলা যেন স্বাভাবিক অবস্থায় থাকে সেদিকে সকলকে সর্বাত্মক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষণা করেন।

সভাপতি



তারিখ: ২২/০৬/২০২৩ খ্রি:

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ  
মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/

তারিখঃ ২২/০৬/২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।

১। মাননীয়, জেলা প্রশাসক, ফরিদপুর।

২। মাননীয়, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।

৩। অফিস কপি।